Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 29 June, 2025

অবশেষে স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন জামালপুরের প্রশান্তি আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ১২ শিক্ষার্থী। প্রবেশপত্র না পাওয়ায় পরীক্ষা থেকে বঞ্চিত হওয়ার শঙ্কা কাটিয়ে তারা এখন রোববারের (২৯ জুন) এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছেন।

জানা যায়, চলমান এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল প্রতিষ্ঠানটির ১৭ শিক্ষার্থীর।

কিন্তু বৃহস্পতিবার (২৭ জুন) সকালে কলেজে গিয়ে তারা জানতে পারেন, তাদের প্রবেশপত্র প্রস্তুত হয়নি।শিক্ষার্থীরা তখন কলেজের সামনে অবস্থান নিয়ে ক্ষোভ প্রকাশ করেন।বিষয়টি জানাজানি হলে শিক্ষার্থীদের দুরবস্থার খবর গণমাধ্যমে উঠে আসে এবং তা শিক্ষাবোর্ডসহ সংশ্লিষ্ট মহলে আলোড়ন তোলে।

পরদিন শুক্রবার (২৮ জুন) ময়মনসিংহ শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে একটি তদন্ত কমিটি পাঠায়।তদন্ত শেষে বোর্ড কলেজ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে দ্রুত শিক্ষার্থীদের ফরম পূরণ ও প্রবেশপত্র ইস্যুর কার্যক্রম সম্পন্ন করে।

শনিবার রাত ১০টার দিকে কলেজ কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের হাতে প্রবেশপত্র তুলে দেয়।এর ফলে দীর্ঘ অনিশ্চয়তা কাটিয়ে তারা রোববারের পরীক্ষায় অংশ নেয়।

প্রশান্তি আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা কমিটির সভাপতি ওয়াহিদুর রহমান বলেন, “বোর্ডের সহায়তায় ১২ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারছে—এটাই বড় বিষয়।আমরা শুরু থেকেই চেষ্টা করেছি শিক্ষার্থীদের ভবিষ্যৎ যেন ক্ষতিগ্রস্ত না হয়।”

তিনি আরও জানান, প্রথমে ১৭ শিক্ষার্থীর বিষয়টি জানানো হলেও প্রকৃতপক্ষে ১২ শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য ও ফরম পূরণ নিশ্চিত করা হয়।এদেরকেই প্রবেশপত্র সরবরাহ করা হয়েছে।

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান বলেন, "শিক্ষার্থীদের ভবিষ্যৎ রক্ষা করাই আমাদের অগ্রাধিকার। কোনো শিক্ষার্থী যেন অপ্রয়োজনে ক্ষতিগ্রস্ত না হয়, সেদিকে আমরা সদা সচেষ্ট। নিয়মের মধ্যে থেকেই সর্বোচ্চ সহযোগিতা করার চেষ্টা করেছি।"

এ ঘটনায় অভিভাবকরা স্বস্তি প্রকাশ করে জানান, দ্রুত সময়ে সমস্যা সমাধান করায় বোর্ড ও কলেজ কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞ তারা।

এইচএসসি প্রশান্তি আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ জামালপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 21:35

URL: https://www.timestodaybd.com/across-the-country/3893775807